

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮৫৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪৮. যে ব্যক্তি রুকৃ'তে স্বীয় পিঠ সোজা করে না

باب صلَاةِ مَنْ لَا يُقِيمُ صُلْبَهُ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ

#### আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيٍّ، حَدَّثَنَا هِشَامُ بْنُ عَبْدِ الْمَلِكِ، وَالْحَجَّاجُ بْنُ مِنْهَالٍ، قَالَا حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ عَبْدِ اللهِ بْنِ أَبِي طَلْحَة، عَنْ عَلِيّ بْنِ يَحْيَى بْنِ خَلَاد، عَنْ أَبِيهِ، هَمَّامٌ، حَدَّثَنَا إِسْحَاقُ بْنِ رَافِع بِمَعْنَاهُ قَالَ وَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِنَّهَا لَا تَتِمُّ صَلَاةُ أَحَدِكُمْ حَتَّى يُسْبِغُ الْوُضُوءَ كَمَا أَمْرَهُ اللهُ عَنَّ وَجَلَّ فَيَغْسِلَ وَجْهَهُ وَيَدَيْهِ إِلَى الْمَرْفَقَيْنِ وَيَمْسَحَ بِرَأْسِهِ وَرِجْلَيْهِ إِلَى الْكَعْبَيْنِ ثُمَّ يُكَبِّرُ اللهَ عَنَّ وَجَلَّ وَيَحْمَدُهُ ثُمَّ يَقْرَأُ مِنَ الْقُرْآنِ مَا أُذِنَ لَهُ فِيهِ وَتَيَسَّرَ " . فَذَكَرَ نَحْوَ حَدِيثِ حَمَّادٍ قَالَ " ثُمَّ يُكَبِّرُ فَيَسْجُدُ فَيُمكِّنُ الْقُرْآنِ مَا أُذِنَ لَهُ فِيهِ وَتَيَسَّرَ " . فَذَكَرَ نَحْوَ حَدِيثِ حَمَّادٍ قَالَ " ثُمَّ يُكَبِّرُ فَيَسْجُدُ فَيُمكِنُ وَجُهَةً " . قَالَ هَمَّامٌ وَرُبُّمَا قَالَ " جَبْهَتَهُ مِنَ الأَرْضِ حَتَّى تَطْمَئِنَّ مَفَاصِلُهُ وَتَسْتَرْخِيَ ثُمَّ وَرُجْهَةً لَا أَرْبَعَ رَكَعَاتٍ وَجَلَّ فَيَسْتَوِي قَاعِدًا عَلَى مَقْعَدِهِ وَيُقِيمُ صَلْلَهُ " . فَوَصَفَ الصَّلَاةَ هَكَذَا أَرْبَعَ رَكَعَاتٍ حَتَّى فَرَغَ " لَا تَتِمُّ صَلَاةُ أَحَدكُمْ حَتَّى يَفْعَلَ ذَلِكَ " .

\_ صحيح

#### বাংলা

৮৫৮। রিফা'আহ ইবনু রাফি' (রাঃ) হতে উপরোক্ত হাদীসের অনুরূপ হাদীস বর্ণিত। বর্ণনাকারী বলেন, অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ মহান আল্লাহর নির্দেশ অনুযায়ী পূণার্ক্সভাবে অযু না করলে কারও সালাত শুদ্ধ হবে না। সুতরাং সে তার মুখমণ্ডল এবং উভয় হাত কনুই পর্যন্ত ধুবে, মাথা মাসাহ করবে এবং উভয় পা গোড়ালীসহ ধুবে। অতঃপর তাকবীরে তাহরীমা বলে হামদ পাঠ করে কুরআন হতে যে অংশ সহজ মনে হয় তিলাওয়াত করবে। অতঃপর হাম্মাদের হাদীসের অনুরূপ। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ আল্লাছ আকবার বলে কপাল মাটিতে লাগিয়ে সিজদা করবে এমনভাবে যেন শরীরের জোড়াসমূহ স্ব-স্ব স্থানে অবস্থান করে ও প্রশান্তি পায়। এরপর তাকবীর বলে সোজা হয়ে পাছার উপর ভয় দিয়ে বসবে এবং পিঠ সোজা রাখবে।



এরূপে তিনি চার রাক'আত সালাতের নিয়ম শেষ পর্যন্ত বর্ণনা দেন। এ পদ্ধতিতে সালাত আদায় না করলে তোমাদের কারো সালাতই পরিপূর্ণ হবে না।[1]

সহীহ।

### **English**

Narrated Rifa'ah ibn Rafi':

The Messenger of Allah () said: The prayer of any of you is not complete until he performs ablution perfectly, as Allah, the Exalted, has ordered you. He should wash his face and hands up to the elbows, and wipe his head and (wash) his feet up to the ankles. Then he should exalt Allah and praise Him. Then he should recite the Qur'an as much as it is convenient for him.

He said: He then utter the takbir and prostration himself so that his face is at rest.

Hammam (sub-narrator) said: Sometimes he reported: So that his forehead is at rest on the ground, and his joints return to their places and are loosened. Then he should say the takbir and then sit right on his hips and erect his back. He described the nature of prayer in this way by offering four rak'ahs until he finished it. The prayer of any of you is not complete unless he does so.

## ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায় : সালাত, অনুঃ সালাতের বৈশিষ্ট্য, হাঃ ৩০২, ইমাম তিরমিয়ী বলেন, রিফা'আহ ইবনু রাফি'র হাদীসটি হাসান), নাসায়ী (অধ্যায় : তাত্ববীক্ক, অনুঃ সিজদাতে যিকর করার অনুমতি সম্পর্কে, হাঃ ১১৩৫), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত, অনুঃ অযু, হাঃ ৪৬০), দারিমী (অধ্যায় : সালাত, অনুঃ যে ব্যক্তি রুক্ 'ও সিজদা্ পূর্ণরূপে আদায় করে না, হাঃ ১৩২৯) সকলে হাম্মাম হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ রিফা'আহ ইবনু রাফি' যুরাকী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন